দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... OCT. ৩ 1 [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

## জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে ঃ নম্বরপত্রের ঘর কি ফাঁকাই থাকিবে?

আমরা জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ হইতে চলতি বৎসর ইংরেজী সম্মান পরীক্ষা দিয়াছি। '৯৬ সনে অনুষ্ঠিত আমাদের পার্ট-২ পরীক্ষার নম্বরপত্র পাই '৯৭ সনে। কিন্তু দুঃখের বিষয়, আমরা অনেকে নম্বরপত্রে ইংরেজী ঐচ্ছিক বিষয়ের ঘরটি ফাঁকা পাই। নিয়ম হইল, ঐচ্ছিক বিষয়ে ৩০-এর অধিক নম্বর পাইলে বাড়তি নম্বর যোগ হয় এবং ৩০-এর কম নম্বর পাইলেও তাহা নম্বরপত্রে লেখা থাকিবে। কিন্তু আমাদের অনেকেরই নম্বরপত্রে উক্ত ঘরটিসহ টিউটোরিয়ালের নম্বরের স্থানটিও ফাঁকা রাখা হইয়াছে। ইহার কারণ বোধগম্য নহে। এ ব্যাপারে অনেক চেষ্টা-তদবির করিয়াও কোন সুরাহা হয় নাই। এদিকে সম্মান ফাইনালের ফল প্রকাশের সময় ঘনাইয়া আসিতেছে। এমতাবস্থায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট প্রশ্ন, নম্বরপত্রের উক্ত ফাঁকা ঘরগুলি কি ফাঁকাই থাকিবে?

সুমন, লিপা, বিউটি, রূপন,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা